# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**08 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মুর নতুনদিল্লীতে জাতীয় চলচ্চিত্র পুরষ্কার প্রদান । বিশিষ্ট অভিনেতা মিঠুন চক্রবর্তীকে দাদা সাহেব ফালকে পুরষ্কার প্রদান ।
২) কুলনন্দিনী মহন্ত পরিচালিত এমুঠি পুথিকে রজত কমল পুরষ্কার প্রদান ।
৩) জন এস হপফিল্ড ও জেফ্রি ই হিন্টনকে ২০২৪ সালের পদার্থ বিজ্ঞানের নবেল পুরষ্কার প্রদান ।
এবং
৪) রাজ্য তথা বরাক উপত্যকায় শারদীয় দূগোৎসবকে কেন্দ্র করে আনন্দমুখর পরিবেশ ।

---

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু নতুনদিল্লীতে ২০২২ সালের জন্য ৭০ তম জাতীয় চলচ্চিত্র পুরষ্কারগুলি প্রদান করেছেন ।এ উপলক্ষে বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা মিঠুন চক্রবর্তীকে ভাতরীয় চলচ্চিত্রের সবোচ্চ সম্মান দাদা সাহেব ফাল্কে পুরষ্কারে সম্মানিত করা হয়েছে ।

এদিকে অনিরুদ্ধ ভট্টাচার্য ও পার্থিব ধর রচিত কিশোর কুমার : দ্য আলটিমেট বায়োগ্রাফি গ্রন্থটিকে চলচ্চিত্র ক্ষেত্রের সর্বশ্রেষ্ঠ গ্রন্থ হিসেবে পুরষ্কৃত করা হয়েছে । এদিকে জাতীয় চলচ্চিত্র বিভাগে সর্বশ্রেষ্ঠ চলচ্চিত্র হিসেবে মালায়ালাম চলচ্চিত্র অট্ট মকে ও তথ্য চিত্র বিভাগে সর্বশ্রেষ্ঠ হিসেবে আয়েনা নির্বাচিত হয়েছে ।উচায়ি চলচ্চিত্রের জন্য সুরজ বরজাত্যকে শ্রেষ্ঠ পরিচালক হিসেবে সম্মানিত করা হয়েছে ।

সংগীত বিভাগে অরিজিৎ সিং ও বোম্বে জয়শ্রীকে শ্রেষ্ঠ পুরুষ ও মহিলা নেপথ্য কণ্ঠশিল্পীর পুরষ্কার প্রদান করা হয়েছে ।

অন্যদিকে কুলনন্দিনী মহন্ত পরিচালিত অসমীয়া চলচ্চিত্র এমুঠি পুথিকে রজত কমল পুরষ্কারে পুরস্কৃত করা হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বায়ুসেনা দিবস উপলক্ষে বায়ুসেনার জোয়ানদের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমের এক পোষ্টে শ্রী মোদী বলেন যে বায়ুসেনার জোয়ানদের সাহস ও পেশাদারী মনোভাব সহ রাষ্ট্রকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে তাদের ভূমিকা খুবই প্রশংসনীয় । প্রধানমন্ত্রী ভারতীয় বায়ুসেনার সফলতা ও একিংশ শতকের অন্যতম শক্তিশালী সেনা বাহিনী হিসেবে বায়ুসেনাকে আলোকপাত করে একটি ভিডিও সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন ।

---

জন এস হফফিল্ড এবং জেফ্রি ই-হিন্টনকে কৃত্রিম স্নায়ু নেটওয়ার্কের মাধ্যমে যন্ত্র শিক্ষাকে কর্মক্ষম করে তোলার ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি সরূপ ২০২৪ সালের পদার্থ বিজ্ঞানে নবেল পুরস্কার প্রদান করার কথা ঘোষণা করা হয়েছে ।উভয় বিজ্ঞানী আধুনিক সময়ের শক্তিশালী যন্ত্র শিক্ষার ভীত গড়ে তোলার জন্য পদার্থবিদ্যার সহায়তায় নির্দিষ্ট পদ্ধতি বিকশিত করে তুলেছেন ।

---

আসাম পুলিশ নিষিদ্ধ ড্রাগসের বিরুদ্ধে অভিযান অব্যাহত রেখেছে । এই অভিযানের অংশ হিসেবে কাছাড় পুলিশ শিলচর ও রামনগরে অভিযান চালিয়ে ৫৭২ গ্রাম হেরোইন ও ১০ হাজার ইয়াবা টেবলেট উদ্ধার করেছে । এই ঘটনার সংগে জড়িত সন্দেহে পুলিশ এক ব্যাক্তিকে গ্রেপ্তার করেছে ।

এদিকে বিশ্বনাথ পুলিশ ১৫ নম্বর জাতীয় সড়কে একটি বাহন থেকে ৩১৪ কিলোগ্রাম গাজা উদ্ধার করেছে । উদ্দার করা গাজার মুল্য এক কোটি ৫৭ লক্ষ হবে বলে অনুমান করা হচ্ছে ।

---

কাছাড় জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য সমিতির যৌথ উদ্যোগে আজ থেকে আনুষ্ঠানিকভাবে তামাকমুক্ত যুব অভিযানের দ্বিতীয় পর্ব শুরু হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই অভিযানের সূচনা করে বলেন যে আগামী ৬০ দিন এই অভিযান চলবে । এই সময়কালে তামাকমুক্ত গ্রাম ও শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে বিভিন্ন কার্য্যসূচী গ্রহন করা হবে । এ ক্ষেত্রে সামাজিক মাধ্যম ও ডিজিটেল প্ল্যাটফর্ম ব্যবহার

করে তামাকের ক্ষতি ও তামাক ছাড়ার উপকারিতা সর্ম্পকে যুব সমাজে বার্তা পাঠানো হবে ।

----------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার লালা রুরেল কলেজের ছাত্রী এইচ সঞ্জিতা সিংহ চীনে অনুষ্ঠিত বিচ সেপাক ট্যাক্র চ্যাম্পিয়নশিপে রূপোর পদক অর্জন করেছে ।অনুর্দ্ধ ২৩ শাখার মহিলা স্যাপাক ট্যাক্র প্রতিযোগিতার ভারতীয় দলের অন্যতম সদস্য হিসেবে সঞ্জিতা এই পদক লাভ করে ।এই প্রতিযোগিতার ফাইনালে ভারতীয় দলটি থাইলেন্ডের বিরুদ্ধে পরাজিত হয় ।উল্লেখ্য গত ১৮ থেকে ২৩ শে সেপ্টেম্বর পর্যন্ত চীনের কোংদাও শহরে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছিল ।এদিকে আজ লালা রুরেল কলেজের পক্ষ থৈকে সঞ্জিতাকে সম্বর্ধনা জ্ঞাপন করা হয় ।

----------------------------------------------------------------------------------------------

শারদীয় দূগোৎসব উপলক্ষে রাজ্যবাসীর মধ্যে ব্যাপক আনন্দ উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । পাঁচদিনব্যাপী শারদীয় দূগোৎসবের আগামীকাল ষষ্ঠী । দেবী দূর্গাকে বোধনের মাধ্যমে আগামীকাল থেকে এবছরের শারদীয় দূগোৎসব আরম্ভ হবে । আবহাওয়া ততটা অনুকূল না থাকলে ও জনসাধারণ এর ই মধ্যে শেষ পর্যায়ে কেনাকাটা অব্যাহত রেখেছেন । পূজো কমিটিগুলি বিভিন্ন বিষয়বস্তুর ওপর ভিত্তি করে পূজো মন্ডপগুলিকে নানাভাবে সাজিয়ে তুলেছে ।

এদিকে বরাক উপত্যকার তিনজেলায় ও পূজো কমিটিগুলি শেষ মুহুর্তের মন্ডপ সজ্জা আলোকসজ্জা ইত্যাদি অব্যাহত রেখেছে ।জেলা প্রশাসনগুলি দুগোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ন রাখা সহ আইন শৃঙ্খলা বজায় রাখতে সুরক্ষা ব্যবস্থা কঠোর করে তুলেছে ।

----------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় শারদীয় দূগোৎসব উপলক্ষে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে । এবার তিথির স্বল্পতার জন্য শারদীয় দূর্গাপুজা কিছু ব্যতিক্রমী রূপে অনুষ্ঠিত হবে ।এবার বৈদিক নিয়ম অনুযায়ী মহাষ্ঠমী ও মহানবমী পূজো এক ই দিন অর্থাৎ ১১ ই অক্টোবর অনুষ্ঠিত হবে । ১১ ই অক্টোবর অষ্টমী পূজা , সন্ধি পূজা ও মহানবমী পূজা অনুষ্ঠিত হবে ।

----------------------------------------------------------------------------------------------

রাজ্যের সর্বজনীন পূজোর উদ্যোক্তাদের আর্থিক অনুদান বন্টনের অঙ্গ হিসেবে আজ করিমগঞ্জ জেলার মোট ৫৩৪ টি সর্বজনীন পূজো কমিটিগুলোকে রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক অনুদান বন্টন করা হয়েছে ।এ উপলক্ষে আজ করিমগঞ্জ জেলা গ্রন্থাগার

প্রেক্ষাগৃহে অতিরিক্ত জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদারের পৌরহিত্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।এতে উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের ১১৭ টি সর্বজনীন পূজো কমিটিকে ১০ হাজার টাকা করে আর্থিক অনুদানের চেক বন্টন করা হয় । অনুরূপভাবে জেলার বাকি তিনটি বিধানসভা কেন্দ্রের সর্বজনীন পূজো কমিটিগুলোকেও আর্থিক অনুদান বন্টন করা হয় ।

---

হাইলাকান্দি জেলার ৩৪৮ টি সর্বজনীন পূজো কমিটিকে রাজ্য সরকারের পক্ষ থেকে আর্থিক অনুদানের চেক বন্টন করা হয়েছে । আজ হাইলাকান্দিতে আয়োজিত এক অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম পূজোকমিটির কর্মকর্তাদের হাত ১০ হাজার টাকা করে চেক তুলে দেন ।জেলা আয়ুক্ত শারোদৎসবের সময় পরিবেশ বান্ধব সামগ্রী ব্যবহার করা , শব্দদূষণ প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ করতে কমিটিগুলোর প্রতি আহ্বান জানান ।জেলার লালা রাজস্ব চক্রে ১৩৭ টি , কাটলিছড়ার ১১৪ টি , হাইলাকান্দির ৭৪ টি এবং আলগাপুর রাজস্ব চক্রের ২৩ টি পূজো কমিটিতে আর্থিক অনুদান বন্টন করা হয় ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে দূর্গোৎসব সুন্দর ও সুষ্ঠভাবে আয়োজনের জন্য কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে সার্বজনীন স্থানে গেইট বা প্যান্ডল নির্মানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে । এছাড়া পূজা কমিটিগুলিকে মন্ডপে হাসপাতাল , পুলিশ , অগ্নি নির্বাপক , জরুরী সেবা , বিদুৎ, জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের যোগাযোগ নম্বর টাঙ্গিয়ে রাখতে বলা হয়েছে । প্যান্ডেলে পুরুষ ও মহিলাদের প্রবেশ ও প্রস্থানের পৃথক পথ রাখতে বলা হয়েছে । জেলা প্রশাসন থেকে পূজা কমিটিগুলিকে প্লাষ্টিকের ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন দূর্গোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে রাত ১০ টা থেকে ভোর ৬ টা পর্যন্ত মাইক বা উচ্চ শব্দ সৃষ্টিকারী কোন যন্ত্র ব্যবহার করা যাবেনা ।শব্দদূষণ রোধ করতে ৬৫ ডেসিবলের বেশী শব্দে মাইক বাজানো যাবেনা ।এদিকে জেলা প্রশাসনের এক নির্দেশে দশমীর দিন রাত ১০ টার মধ্যে প্রতিমা নিরঞ্জন পর্ব সম্পন্ন করতে হবে । এছাড়া প্রশাসনের পক্ষ থেকে প্রসাদের মান উন্নত করা , প্রত্যেকটি মন্ডপে ডাস্টবিনের ব্যবস্থা করা ও মন্ডপ খোলামেলা রাখার নির্দেশ দেওয়া হয়েছে ।মন্ডপের পাশে দোকান , মেলা ফুড স্টল বসিয়ে যাতে যানযটের সৃষ্ট না হয় সেদিকে নজর রাখতে পূজো কমিটিগুলিকে বলা

হয়েছে ।প্রতিটি মন্ডপে প্রবেশ পথ ও প্রস্থান পথ আলাদা রাখা , সিসিটিভি বসানো , দূর্ঘটনা প্রতিরোধি সামগ্রী মজুত রাখা ইত্যাদির নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় দূর্গাপূজা সুষ্টভাবে ও শান্তিপূর্ন সম্পন্ন করতে কিছু নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে  যে রাত দশটা থেকে সকাল ছটা পর্য্যন্ত মাইক বা উচ্চ শব্দ সৃষ্টিকারী যন্ত্র ব্যবহার করা যাবে না । এছাড়া শব্দ দূষন এড়াতে মাইকে ৬৫ ডেসিবলের বেশী আওয়াজ না দিতে বলা হয়েছে । এছাড়া পূজা মন্ডপের সামনে দোকান , মেলা , ফুড স্টল , অস্থায়ী রেষ্টুরেন্ট না বসাতে বলা হয়েছে । মন্ডপগুলি রাত দশটার পর বন্ধ রাখা ও প্রবেশ ও প্রস্থানের পৃথক পথ রাখতে বলা হয়েছে । মন্ডপে সি সি টি ভি ক্যামেরা বসানোর কথা পূজা কমিটিগুলিকে বলা হয়েছে । জেলা প্রশাসনের কার্য্যলয়ে একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । যার টেলিফোন নম্বর হচ্ছে- ০৩৮৪৪-২৮০০০০ এবং টোল ফ্রি নম্বর হচ্ছে-  ১০৭৭ ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও চলতি অর্থবছরের জমি স্বাস্থ্য কার্ড বন্টন শুরু হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত গতকাল জেলার চারজন প্রগতিশীল কৃষকের হাতে জমি স্বাস্থ্য কার্ড তুলে দিয়েছেন । জেলা কৃষি আধিকারীক জানিয়েছেন যে জেলায় ইতিমধ্যে ১৫ হাজার জমি স্বাস্থ্য কার্ড ইস্যু করা হয়েছে এবং চলতি অর্থ বছরে ৮ হাজার জমি স্বাস্থ্য কার্ড বন্টন করা হবে ।

---------------------------------------------------------------------------------